৪৩

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র ঢাকা

তারিখ 05 AUG 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

# ২৭টি অধিদপ্তর বিলুপ্তির সুপারিশ

।। নাজীমউদ্দিন মোস্তান ।।

কতিপয় সরকারী অধিদপ্তর, পরিদপ্তর ও দপ্তরের কার্যক্রমের প্রয়োজনীয়তা-অপ্রয়োজনীয়তা নির্ধারণকল্পে গঠিত উচ্চক্ষমতাসম্পন্ন সরকারী কমিটি কৃষি তথ্য সার্ভিস, কপিরাইট অফিস, গৃহ সংস্থান অধিদপ্তর, বস্ত্র দপ্তরসহ ২৭টি অধিদপ্তর সম্পূর্ণরূপে বিলুপ্তির সুপারিশ করিয়াছে। ৩৭টি দপ্তর ও অধিদপ্তরের প্রায় ৭ হাজার কর্মকর্তা ও কর্মচারীকে উদ্বৃত্ত দেখানো হইয়াছে। সাম্প্রতিক এ রিপোর্টে অবশ্য বলা হইয়াছে, বিলুপ্ত কোন কোন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান জনবলবিধি অনুযায়ী সরকারের অন্যান্য দপ্তরে সমমানের শূন্যপদে আত্তীকরণ করা হইলে সমস্যা দেখা দিবে না।

গত ১২ই মার্চ গঠিত এ কমিটি বর্ধিত সময়সীমাসহ ১২ই জুলাই পর্যন্ত কাজ করে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আবদুল মুয়ীদ চৌধুরীর নেতৃত্বে গঠিত কমিটির মোট সদস্য সংখ্যা ৭। তন্মধ্যে ২ জনকে পরে কোঅপ্ট করা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)



## সুপারিশ

(১ম পৃঃ পর)

হয়। কমিটিকে যেকোন অফিসের বিলুপ্তিকরণ, একীভূতকরণ, কার্য পরিধি সংকোচন, জনবল ও আনুষঙ্গিক সরঞ্জাম হ্রাস করার সুপারিশ পেশের এখতিয়ার দেওয়া হইয়াছিল।

১৮০টি দপ্তরের কার্যক্রম অবহিত হওয়ার জন্য কমিটি প্রশ্নমালা বিলি করে। ৪ মাসে ১৮টি আনুষ্ঠানিক বৈঠক ছাড়াও কমিটি জেলা ও বিভাগীয় সদর সফর করে। চিহ্নিত ৬৯টি দপ্তর-অধিদপ্তর প্রসঙ্গে কমিটি ৫ বার বৈঠকে মিলিত হয়। এনাম কমিটির সুপারিশসমূহ পুনঃ পরীক্ষাও ছিল এ কমিটির কার্যক্রমের অন্যতম দিক।

কমিটি উহার সুপারিশে যে সব দপ্তর বিলুপ্ত করার সুপারিশ করিয়াছে সেইগুলি হইতেছে :

শিক্ষা মন্ত্রণালয়ের ৮টি আঞ্চলিক উপ-পরিচালকের দপ্তর, শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ব্যানবেইস এবং শিক্ষা উপকরণ বোর্ড;

সংস্কৃতি মন্ত্রণালয়ের কপি রাইট অফিস;

কৃষি মন্ত্রণালয়ের কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস;

মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের মৎস্য ও পশু সম্পদ তথ্য দপ্তর;

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, বিদ্যুৎ উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের অফিস;

সংস্থাপন মন্ত্রণালয়ের কর্মচারী প্রশিক্ষণ ইনস্টিটিউট ও জেলা গেজেটিয়ার সাধারণ সম্পাদকের অফিস;

বাণিজ্য মন্ত্রণালয়ের সরবরাহ ও পরিদর্শন অধিদপ্তর, কয়লা দপ্তর, পণ্যমূল্য ও বিপণন তথ্য অধিদপ্তর, কৃষিপণ্য বিপণন ও শ্রেণী বিন্যাস দপ্তর;

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিরক্ষা বিজ্ঞান প্রতিষ্ঠান, প্রধান প্রশাসনিক কর্মকর্তার দপ্তর এবং আন্তঃবাহিনী জনসংযোগ দপ্তর;

যোগাযোগ মন্ত্রণালয়ের রেলপথ বিভাগের রেলপথ নবনিয়োগ ব্যুরো, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং পরিবহন সমন্বয় কমিটি;

পাট মন্ত্রণালয়ের পাট পণ্য পরিদর্শন অধিদপ্তর;

বস্ত্র মন্ত্রণালয়ের বস্ত্র দপ্তর;

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের জেলা পর্যায়ের জনশক্তি কর্মসংস্থান অফিসসমূহ;

পূর্ত মন্ত্রণালয়ের গৃহসংস্থান অধিদপ্তর, গৃহপত্তন কমিশনারের অফিস এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ঢাকা মশক নিবারণী দপ্তর।

এসকল দপ্তর অধিদপ্তরের বাহিরে কমিটি জাতীয় নিরাপত্তা সমন্বয় ও নিয়ন্ত্রণ সেল, ডাক অধিদপ্তর, সমুদ্র পরিবহন অধিদপ্তর, পণ্য প্রতীক নিবন্ধক অধিদপ্তর, আইন মন্ত্রণালয়ের নিবন্ধন পরিদপ্তর, গণস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, অর্থ মন্ত্রণালয় শুল্ক মূল্যায়ন দপ্তর ও আপীল কাছারির বেশকিছু কর্মকর্তা ও কর্মচারীকে উদ্বৃত্ত বলিয়া চিহ্নিত করিয়াছে। কমিটির মতে এই ধরনের ৩৭টি দপ্তর, অধিদপ্তর ও অফিসে ১২০ জন প্রথম শ্রেণীর কর্মকর্তা, ১৯১ জন দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা, ৫ হাজার ১৮২ জন তৃতীয় শ্রেণীর কর্মচারী ও ১৫শত ৫৭ জন চতুর্থ শ্রেণীর কর্মচারী উদ্বৃত্ত।

বিভিন্ন মন্ত্রণালয়ে নিজেদের ইঞ্জিনিয়ারিং সেল বিলুপ্ত করিয়া গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে নির্মাণ ও মেরামত কার্যক্রম পরিচালনার জন্য কমিটি পরামর্শ দিয়াছে।